*Total number of printed pages -7* **NB-T/B/1**

# 2022

# BENGALI

**Total Marks : 80** **Time : 3 Hours**

**General Instructions :**

*(i)* *Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*
*(ii)* *The question paper consists of 23 main questions.*
*(iii)* *Internal choice has been provided in some questions.*
*(iv)* *Marks allocated to every question are indicated against it.*

***N.B.: Check to ensure that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## বিভাগ – ‘ক’

## পাঠ (Reading)

1. **নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড় :**

**আনন্দবাজার পত্রিকা;২০২১জুলাই ২৪কলকাতাঃ;১২৪২:**: ২০১৬ র রিয়ো অলিম্পিক্সেও দ্বিতীয় দিনে-নেমেছিলেন তিনি।ইভেন্টের শেষে তাঁর নামের পাশে লেখা ছিল ডি এন এফ অর্থাৎ ‘ডিড নট ফিনিশ’। বাংলায় যার অর্থ, সেই ইভেন্ট শেষ করতেই পারেননি চানু। চোখের জলে বিদায় নিতে হয়েছিল জীবনের প্রথম অলিম্পিক্স থেকে।

পাঁচ বছর পরেও তিনি অলিম্পিক্সের দ্বিতীয় দিনে নামলেন। এ বার চোখে জল নয়, মুখে শুধুই অমলিন হাসি। মণিপুরের প্রত্যন্ত গ্রামের সাইখোম মীরাবাই চানুর হাত ধরে টোকিয়ো অলিম্পিক্সে খাতা খুলল ভারত। ভারোত্তোলনে রুপো জিতলেন চানু। ভারতের এই মহিলা ভারোত্তোলকের অবিশ্বাস্য প্রত্যাবর্তন দেখল গোটা বিশ্ব।

মণিপুরের ইম্ফলের নংবক কাকচিং গ্রামে ১৯৯৪ সালে ৮ অগস্ট জন্ম চানুর। জন্ম থেকেই তাঁর শারীরিক শক্তি আর পাঁচটা মেয়ের তুলনায় বেশি। সেটা বুঝতে পেরেছিলেন তাঁর বাবা মা। জ্বালানির জন্য বনে কাঠ কাটতে যেত-চানুর পরিবার। ভারী কাঠের বোঝা তাঁর দাদা তুলতে পারতেন না। কিন্তু চানু অনায়াসেই কাঁধে করে তা বাড়ি বয়ে নিয়ে আসতেন।

চানুর প্রথম পছন্দের খেলা ছিল তিরন্দাজি। কিন্তু বাবা-মায়ের ইচ্ছেতেই তিনি ১২ বছর বয়সে ভারোত্তোলনে ভর্তি হন। অনুশীলন শুরু করেন ইম্ফলের খুমান লাম্পাক স্টেডিয়ামে। সেখান থেকে মণিপুরের স্পোর্টস অথরিটি অব

ইন্ডিয়া (সাই), সেখান থেকে পটিয়ালায়। চানুর জয়যাত্রা চলতে থাকে। এক বছর অনুশীলনের পরেই সাফল্য পান তিনি। ছত্তীসগঢ় যুব চ্যাম্পিয়নশিপে সোনা জেতেন। ২০১৪ য় গ্লাসগো কমনওয়েলথ গেমসে জীবনের প্রথম বড়-সাফল্য পান চানু। ৪৮ কেজি বিভাগে রুপো জেতেন। এরপর কুঞ্জরানি দেবীর ১২ বছরের রেকর্ড ভেঙে ১৯২ কেজি তোলেন। দুরন্ত ছন্দ নিয়েই আত্মবিশ্বাসী হয়ে গিয়েছিলেন রিয়োতে।

২০১৭ কেজি তুলেছিলেন ১৯৪র বিশ্ব চ্যাম্পিয়নশিপে সোনা জিতলেন। স্ন্যাচ ও ক্লিন এবং জার্ক মিলিয়ে মোট - তিনি। পরের বছরেও সাফল্য। গোল্ড কোস্টে কমনওয়েলথ গেমসে গিয়ে পেলেন সোনা। সেখানে আরও দু কেজি' ওজন বেশি তুললেন।বছর খানেক আগে কলকাতায় জাতীয় চ্যাম্পিয়নশিপ খেলতে এসেছিলেন। সেখানে মোট ২০৩ কেজি তুলে জাতীয় রেকর্ড তৈরি করেন চানু।

এ বছর আমেরিকার সেন্ট লুইসে টানা দু মাস কঠোর অনুশীলনে ডুবিয়ে রেখেছিলেন নিজেকে। অতিমারির' কারণে যখন গোটা বিশ্ব বিপর্যস্ত, তখনও চানু লক্ষ্য থেকে একফোঁটাও মনঃসংযোগ সরাননি। অলিম্পিক্সের দিন তিনেক আগেও সাক্ষাৎকারে আত্মবিশ্বাসী হয়ে বলেছিলেন পদক জিতবেন। সেই স্বপ্ন অবশেষে সফল। ২০১৮ -য় তিনি পদ্মশ্রী এবং রাজীব গাঁধী খেলরত্ন পুরস্কার পান।

(সংক্ষেপিত, বানান অপরিবর্তিত)

**প্রায় ৫ থেকে ১০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

| | | |
|---|---|---|
| (ক) | খবরটি কত তারিখে প্রকাশিত হয়েছে ? | **1** |
| (খ) | 'ডি এন এফ' কথাটির বাংলা অর্থ কী? | **1** |
| (গ) | মীরাবাই চানুর পুরো নাম কী? | **1** |
| (ঘ) | চানু কোন বিভাগে রুপো জিতেছেন ? | **1** |
| (ঙ) | কোন গ্রামে চানুর জন্ম? | **1** |
| (চ) | চানুর প্রথম পছন্দের খেলা কী ছিল ? | **1** |
| (ছ) | কোন স্টেডিয়ামে চানু প্রথম অনুশীলন শুরু করেন? | **1** |
| (জ) | ২০১৪-য় কোন খেলায় চানু প্রথম বড়ো সাফল্য পান? | **1** |
| (ঝ) | ২০১৮-তে চানু কোন কোন পুরস্কারে সম্মানিত হন ? | **1** |
| (ঞ) | বাচ্য নির্ণয় কর **:** জ্বালানির জন্য বনে কাঠ কাটতে যেত চানুর পরিবার। | **1** |

***NB-T/B/1***

## বিভাগ – 'খ'

## রচনা ও নির্মিতি (Writing and Composition)

**2.** **নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ থেকে ১৫০ টি শব্দের মধ্যে উত্তর দাওঃ**

(ক) তুমি পাটনার প্রসাদ নগর এলাকার বাসিন্দা শৌর্য অথবা সুরভি। তোমাদের এলাকায় রাতের অন্ধকারে সমাজবিরোধীদের (anti-social) উপদ্রব ক্রমাগত বেড়ে চলেছে, যার ফলে রাত্তির বেলায় পথ চলাচল করা দায় হয়ে উঠেছে। এলাকার প্রধানকে বলেও এর সুরাহা না হওয়ায় এই বিষয়ে অবগত করে স্থানীয় নগরপাল (Commissioner of Police)-কে উদ্দেশ করে একটি চিঠি লেখ।

**অথবা** **6**

(খ) তুমি নবম শ্রেণির তুর্য অথবা তিতির, কোহিমা গ্রীণউড স্কুলের সাংস্কৃতিক সম্পাদক। অতি সম্প্রতি তোমাদের স্কুলে দশম শ্রেণির ছাত্র- ছাত্রীদের বিদায় সম্বর্ধনা অনুষ্ঠান (Farewell Function)-এর আয়োজন করা হয়েছিল। সে সম্পর্কে স্কুলের সাময়িক পত্রিকায় (Magazine) একটি সংক্ষিপ্ত প্রতিবেদন (Report) লেখো।

**3.** **ন্যূনাধিক ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাওঃ**

(ক) তুমি তনয় অথবা তনুশ্রী, কলকাতা সাউথ পয়েন্ট স্কুলের সাংস্কৃতিক সম্পাদক। আগামী ২৫শে বৈশাখ তোমাদের স্কুলে রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠানে বিখ্যাত কবি জয় গোস্বামীকে প্রধান অতিথি হিসেবে আহ্বান জানিয়ে একটি আমন্ত্রণ পত্র লেখ।

**অথবা** **4**

(খ) তুমি প্রিয়াংশু/ প্রিয়াঙ্কা, একটি বিয়ে বাড়িতে যাচ্ছো, কিন্তু জায়গাটি অপরিচিত। জনৈক পথচারীকে পথনির্দেশ জানতে চেয়ে তোমার ও পথচারীর মধ্যে একটি কাল্পনিক সংলাপ লিপিবদ্ধ করো।

## বিভাগ –'গ'

## ব্যাকরণ ও অনুবাদ(Grammar & Translation)

**4.** **নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ**

(ক) যে ক্রিয়ার কাজ সম্পূর্ণভাবে কর্তার উপর নির্ভরশীল তাকে বলে — **1**

(i) কর্তৃবাচ্য (ii) কর্মবাচ্য

(iii) ভাববাচ্য (iv) কর্মকর্তৃবাচ্য

(খ) বিভিন্ন পদ মিলে যখন একটি পদে পরিণত হয় তখন তাকে বলে— **1**

(i) সমস্যমান পদ (ii) পূর্বপদ
(iii) উত্তরপদ (iv) সমস্তপদ

(গ) যিনি দার পরিগ্রহ করেন নি তাঁকে এককথায় বলে — **1**

(i) অকৃতদার (ii) বিপত্নীক
(iii) বিধবা (iv) মৃতদার

(ঘ) বকধার্মিক বলতে বোঝায় — **1**

(i) ক্ষীণজীবী (ii) নিতান্ত বোকা
(iii) ভণ্ড (iv) নিরীহ ব্যক্তি

(ঙ) দুর্ভিক্ষ— এই সমস্তপদটির ব্যাসবাক্য হবে — **1**

(i) দুঃখের ভিক্ষা (ii) দূরে গিয়ে ভিক্ষা
(iii) ভিক্ষার অভাব (iv) দুষ্টের ভিক্ষা

**5. বাচ্য নির্ণয় করঃ**

(i) আমার বইখানা কোথায় রেখেছো? **1**
(ii) সন্ধ্যাবেলায় তুলসী তলায় প্রদীপ জ্বলে। **1**
(iii) এখনও লেখা হয়নি। **1**

**6. সার্থক বাক্যে প্রয়োগ করঃ**

(i) মগের মুল্লুক **1**
(ii) শাপে বর **1**

**7. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করঃ**

(i) বিলেতফেরত **1**
(ii) প্রতিদিন **1**
(iii) চৌরাস্তা **1**

**8. এক কথায় প্রকাশ করঃ**

(i) পরলোকে বা ঈশ্বরে যার বিশ্বাস নেই **1**
(ii) একই গুরুর শিষ্য **1**

**9.** **বাংলায় অনুবাদ করঃ**

(i) She likes helping old people. **1**

(ii) Please close the door. **1**

(iii) Have you heard the news? **1**

(iv) I like to take a walk in the park. **1**

(v) We won the match! **1**

**বিভাগ – ঘ**

**সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ (Literature)**

**10.** **নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ**

(ক) 'দাখিলা' শব্দের অর্থ হল — **1**

(i) হিসাবের জন্যে মাশুল (ii) খাজনার রসিদ

(iii) উৎসব উপলক্ষে দেওয়া চাঁদা (iv) উপঢৌকন বা উপহার

(খ) 'উত্তর –গোষ্ঠ' কবিতায় শ্রীকৃষ্ণের যে লীলার বর্ণনা দেওয়া হয়েছে — **1**

(i) জন্মলীলা (ii) বাল্যলীলা

(iii) গোষ্ঠলীলা (iv) রাসলীলা

(গ) চিনিবাস তার দিদিমাকে কী বলে ডাকতো? **1**

(i) দিদি (ii) দিদা

(iii) আয়ী (iv) দিদুন

(ঘ) অভাগীর নামকরণ কে করেছিলেন? **1**

(i) অভাগীর বাবা (ii) অভাগীর মা

(iii) রাখালের মা (iv) বিন্দির পিসি

(ঙ) পৃথিবীতে আজ কারা বেশি চোখে দেখে? **1**

(i) অন্ধরা (ii) বিচক্ষণরা

(iii) মূর্খেরা (iv) হিতৈষীরা

**২০ থেকে ২৫ টি শব্দে নিচের যে কোনও ছ'টি প্রশ্নের উত্তর দাওঃ** **6x2=12**

**11.** বীরকৃষ্ণ দাঁ কে ছিলেন? তিনি কেমন ধরনের লোক ছিলেন? (1+1=2)

**12.** ‘জমীদার’ প্রবন্ধটি বঙ্কিমচন্দ্রের কোন গ্রন্থের অন্তর্গত? ‘বসুমতী কর্ষণ’ করেও কৃষকের জীবন নির্বাহ হয়না কেন? (1+1=2)

**13.** কবি বলরাম দাস কার ভক্ত ছিলেন? তাঁর রচিত পদগুলি কোন গ্রন্থে স্থান পেয়েছে? (1+1=2)

**14.** বলাইয়ের সবচেয়ে বেশি স্নেহ কিসের ওপর ছিল? শিমলে থেকে তার কাকিমাকে কী পাঠিয়ে দেওয়ার জন্যে বলাই চিঠি লিখেছিল? (1+1=2)

**15.** “এই দৃশ্য দেখিয়া সে আর নড়িতে পারিল না” — কার কথা বলা হয়েছে? কোন দৃশ্য? (1+1=2)

**16.** ‘জগদীশচন্দ্র’ কবিতাটি কী উদ্দেশ্যে রচিত হয়েছিল? এই কবিতাটিতে কিসের সুর ধ্বনিত হয়েছে? (1+1=2)

**17.** ‘কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন’ — কে কার কাছে এই প্রশ্ন করেছেন? এখানে ‘ওর’ বলতে কার কথা বলা হয়েছে? (1+1=2)

**কম- বেশি ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও দু’টি প্রশ্নের উত্তর দাওঃ** **2x4=8**

**18.** “আজ ছক্কড় মহলে পোহাবারো।”—

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) ছক্কড় কী? (1)

(iii) কোন প্রসঙ্গে লেখক এই কথাটি বলেছেন? (2)

**19.** “গৌরাঙকে সম্মান করো কেন?” —

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) কে, কাকে এই কথাগুলো জিজ্ঞেস করেছে? (1)

(iii) ‘গৌরাঙ’ কে ছিলেন? (2)

**20.** “শয়ন কুৎসিত বীরের ভোজন বিটকাল”—

(i) কোন কবিতার অংশ? (1)

(ii) এখানে ‘বীর’ বলতে কার কথা বলা হয়েছে? (1)

(iii) ‘বিটকাল’ কথার মানে কী? (1)

(iv) তার ভোজন বিটকাল কেন? (1)

**প্রায় ৬০ থেকে ৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

**21.** (ক) “হে তপস্বী, তুমি একমনা

নিঃশব্দেরে বাক্য দিলে," —

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) কবির নাম কী? **1**

(iii) এখানে 'তপস্বী' কাকে বলা হয়েছে? **1**

(iv) 'নিঃশব্দেরে বাক্য দিলে' বাক্যটির অর্থ স্পষ্ট কর। **2**

**অথবা**

(খ) 'অদ্ভুত আঁধার এক' কবিতায় দুটি শ্রেণির মানুষের উল্লেখ করা হয়েছে, তাদের পরিচয় দাও এবং চরিত্র বিশ্লেষণ করো। **(2+3=5)**

**22.** (ক) "কেউ গাছের ফুল তোলে এইটে ওর বড়ো বাজে" —

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) লেখকের নাম কী? **1**

(iii) এখানে 'ওর' বলতে কাকে বোঝানো হয়েছে? **1**

(iv) কেউ গাছের ফুল তুললে ওর বাজে কেন? **1**

(v) 'ওর' প্রকৃতি কেমন? **1**

**অথবা**

(খ) "এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল ।"—

(i) কোন পাঠের অংশ? **(1)**

(ii) লেখকের নাম কী? **(1)**

(iii) কার সম্পর্কে এই কথা বলা হয়েছে? **(1)**

(iv) সে কী রকম অভিজ্ঞতা লাভ করেছিল? **(2)**

**23.** "এই তো জানু পেতে বসেছি, পশ্চিম
আজ বসন্তের শূন্য হাত —"

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) কবির নাম কী? **1**

(iii) কে এই আক্ষেপ করেছেন? **1**

(iv) এই আক্ষেপের কারণ বিশ্লেষণ কর। **2**

***********************************